গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা
www.dhakadiv.gov.bd

স্মারক নং- ০৫.৪১.৩০০০.০১১.০৬.০৫১.২২- ৬১৫/১ তারিখ : ২৮/০৩/২০২৩

ফরম নং-২৭০
(১৯১৭ সালের বোর্ড ম্যানুয়েলের ১২৯ নং বিধি)

## আদেশপত্র

তারিখ............................................হইতে..........................................................পর্যন্ত
জেলা.....................................২০..........................সালের ................................ পর্যন্ত

**মামলার ধরণ :** জনাব সুলতান মাহমুদ, পিতা: মো: চান মিয়া সরকার, ৫৩/৩ আবেদীন ভিলা (৪র্থ তলা) চাষাড়া, নারায়ণগঞ্জ এর গত ১৯/০৩/২০২৩ তারিখের আপীল আবেদনের প্রেক্ষিতে **(আপীল মামলা নম্বর ৫৮/২০২৩)।**

| আদেশের ক্রমিক নং ও তারিখ | আদেশ ও অফিসারের স্বাক্ষর | আদেশের উপর গৃহীত ব্যবস্থা |
|---|---|---|
| **২৮/০৩/২০২৩** | জনাব সুলতান মাহমুদ, পিতা: মো: চান মিয়া সরকার, ৫৩/৩ আবেদীন ভিলা (৪র্থ তলা) চাষাড়া, নারায়ণগঞ্জ এর গত ১৯/০৩/২০২৩ তারিখের আপীল আবেদনের প্রেক্ষিতে ২৮/০৩/২০২৩ তারিখ আপীল শুনানীর দিন ধার্য।<br><br>**দেখলাম।** আপীলকারী অনুপস্থিত। আপীলকারীর কাগজপত্রাদি পর্যালোচনায় দেখা যায় যে, আপীলকারী জনাব সুলতান মাহমুদ তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী নিম্নবর্ণিত তথ্য চেয়ে জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ বরাবর গত ০৯-০২-২০২৩ খ্রি: তারিখ আবেদন করেন।<br><br>২০২২ সালের জানুয়ারি থেকে জেলা প্রশাসক কার্যালয়ে :<br>১) কয়টি সরকারি অনুষ্ঠান ও সভা হয়েছে, সভায় উপস্থিতির তালিকা ও তার ব্যয়ের তালিকা।<br>২) কয়টি সরকারি/বেসরকারি সভা, সেমিনার হয়েছে সভায় উপস্থিতির তালিকা ও তার ব্যয়ের তালিকা।<br>৩) সভা সেমিনারে কাদের দাওয়াত কার্ড প্রেরণ করা হয় তাদের তালিকা।<br>৪) কোন কোন সংগঠন বা ব্যক্তিকে সরকারি অনুধান দেওয়া হয়েছে তাদের তালিকা বা তথ্য।<br><br>**<u>সরকার পক্ষে জেলা প্রশাসকের প্রতিনিধির বক্তব্য</u> :**<br><br>শুনানীতে অংশ নিয়ে সরকার পক্ষে জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ প্রতিনিধি জনাব কে. এম. ইশমাম, সহকারী কমিশনার ও তথ্য প্রদানকারী কর্মকর্তা লিখিত ও মৌখিক বক্তব্যে জানান যে- জনাব সুলতান মাহমুদ, পিতা: মো: চান মিয়া সরকার, ৫৩/৩ আবেদীন ভিলা | |

| | | |
|---|---|---|
| | (৪র্থ তলা) চাষাড়া, নারায়ণগঞ্জ তথ্য অধিকার আইন ২০০৯ এর আলোকে তথ্য চেয়ে আবেদন করেন। সে প্রেক্ষিতে নেজারত ডেপুটি কালেক্টর, নারায়ণগঞ্জ কর্তৃক প্রেরিত পত্রানুসারে আবেদনকারী কর্তৃক চাহিত তথ্যসমূহ তথ্য অধিকার আইন ২০০৯ এর প্রথম অধ্যায়ের ২ (চ) নং অনুসারে তথ্যের আওতায় পড়ে না বিধায় আবেদনকারীকে তার চাহিত তথ্যাদি প্রদান করা সম্ভবপর হয়নি।<br><br>**আপীলকারীর বক্তব্য** :<br><br>আপীলকারী অনুপস্থিত। আপীলকারী তার আপীল আবেদনে জানিয়েছেন, কোন তথ্য পাওয়া যায়নি বিধায় আপীল আবেদন করেছেন।<br><br>**পর্যালোচনা** : সরকার পক্ষে জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ এর প্রতিনিধি বক্তব্য শুনলাম এবং আপীলকারী অনুপস্থিত। লিখিত বক্তব্য ও দাখিলকৃত প্রমাণক পর্যালোচনা করলাম। সরকার পক্ষ আবেদনকারী কর্তৃক চাহিত তথ্যসমূহ তথ্য অধিকার আইন ২০০৯ এর প্রথম অধ্যায়ের ২ (চ) নং অনুসারে তথ্যের আওতায় পড়ে না বিধায় চাহিত তথ্যাদি প্রদান করা সম্ভব হয়নি মর্মে উল্লেখ্য করেছেন।<br>তথ্য অধিকার আইন, ২০০৯ এর ২৪ ধারার (৩)(ক) উপ-ধারা অনুসারে আপীল কর্তৃপক্ষ আপীল আবেদনকারীকে অনুরোধকৃত তথ্য সরবরাহের জন্য সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে নির্দেশ প্রদান করিবেন, অথবা (৩)(খ) উপ-ধারা অনুসারে তদবিবেচনায় গ্রহণযোগ্য না হইলে আপীল আবেদনটি খারিজ করিয়া দিবেন।<br><br>**আদেশ** : শুনানীঅন্তে আদেশ হয় আপীলকারী জনাব সুলতান মাহমুদ অনুপস্থিত থাকায় তার বক্তব্য শোনা গেল না। এতে চাহিত তথ্য জনস্বার্থে কি কাজে ব্যবহৃত হবে তা জানতে না পারায় এবং সরকার পক্ষে জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ এর জনাব কে. এম. ইশমাম, সহকারী কমিশনার ও তথ্য প্রদানকারী কর্মকর্তা এর লিখিত বক্তব্যের প্রেক্ষিতে আপীল আবেদনটি নামঞ্জুরপূর্বক নিষ্পত্তি করা হলো। দাখিলকৃত কাগজপত্র নথিতে সংযুক্ত করা হোক ও সংশ্লিষ্ট সকলকে আদেশের কপি সরবরাহ করা হোক। | |

২৮.০৬.২৩

মো: শাহরিয়াজ, পিএএ (যুগ্মসচিব)
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন)(অতিরিক্ত দায়িত্ব)
ঢাকা বিভাগ, ঢাকা।

CamScanner

স্মারক নং-০৫.৪১.৩০০০.০১১.০৬.০৫১.২২- ১১৫/১(৭)                    তারিখ : ২৮/০৩/২০২৩

১।   মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২।   প্রধান তথ্য কমিশনার, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।

৩।   সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪।   জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।

৫।   কমিশনারের একান্ত সচিব, ঢাকা বিভাগ, ঢাকা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৬।   সিনিয়র সহকারী কমিশনার (আইসিটি), বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা। (এ কার্যালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

৭।   জনাব সুলতান মাহমুদ, পিতা: মো: চান মিয়া সরকার, ৫৩/৩ আবেদীন ভিলা (৪র্থ তলা) চাষাড়া, নারায়ণগঞ্জ।

২৮/০৩/২৩

(আল মামুন)
সিনিয়র সহকারী কমিশনার (উন্নয়ন)
ঢাকা বিভাগ, ঢাকা।

CS CamScanner